দৈনিক সংবাদ

তারিখ 5 JAN 1984
পৃষ্ঠা 1 কলাম 8



# ১৪ই জানুয়ারী ৪টি বিশ্ববিদ্যালয় খুলবে: শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান গতকাল বলেছেন, আগামী ১৪ই জানুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং ময়মনসিংহের কৃষি বিশ্ববিদ্যালয় খুলবে। খবর বাসস'র।

ঐ দিন থেকে বিশ্ববিদ্যালয়গুলো স্বাভাবিক কাজকর্ম শুরু করবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ 'ক্লাস প্রমোশন'সহ সকল স্থগিত পরীক্ষা সম্পন্ন করবেন।

শিক্ষামন্ত্রী বাংলাদেশ সংবাদ সংস্থাকে জানান, বিশ্ববিদ্যালয়গুলোর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সর-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পাতার পর)

কারকে জানিয়েছেন যে ক্যাম্পাসগুলোতে শিক্ষার অনুকূল পরিবেশ বিরাজ করছে। মন্ত্রী বলেন, তারা এই আশাও ব্যক্ত করেছেন যে, শিক্ষার পরিবেশ বিঘ্নিত হওয়ার কোন আশংকা তারা করছেন না।

মন্ত্রী বলেন, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়গুলোর অনুরোধ ও আশ্বাসের প্রেক্ষিতে সরকার এই বিশ্ববিদ্যালয়গুলো পুনরায় খুলে দেয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

শিক্ষামন্ত্রী আশা প্রকাশ করেন যে, সকল ক্যাম্পাস ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় খুলে দেয়ার পাশাপাশি শিক্ষার কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্যে প্রয়োজনীয় অনুকূল পরিবেশ বিরাজ করবে।

তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে জানিয়েছেন যে, তারা সম্ভাব্য স্বল্পতম সময়ে 'ক্লাস প্রমোশন'সহ সকল স্থগিত পরীক্ষা সম্পন্ন করার ব্যবস্থা করবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত চার পাঁচ বছরে জমে উঠা সেশন জট নিরসনেরও ব্যবস্থা নেবেন। অতিরিক্ত ক্লাস ও অন্যান্য সহায়ক ব্যবস্থা নেয়ার মাধ্যমে তা করা হবে বলে মন্ত্রী উল্লেখ করেন।

এ প্রসঙ্গে মন্ত্রী বলেন, সরকার এ ব্যাপারে আর্থিক সাহায্যসহ বিশ্ববিদ্যালয়কে প্রয়োজনীয় সকল সাহায্য সহায়তা দেবেন।

এদিকে স্কুল, মাদ্রাসা, কলেজ ও অন্যান্য বিশ্ববিদ্যালয় খোলার ঘোষণা আগেই দেয়া হয়েছে।

মন্ত্রী বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঐ দু'টি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আগেই ঘোষণা করেছেন।